

নেপথ্য ধারাবর্ণনার জন্য নির্দেশিকা

- নতুন ভাষায় ধারাবর্ণনাকারী ব্যক্তিকে এই কাজে দক্ষ হতে হবে, এ কাজে বেতারে কন্ঠ দেয় এমন কাউকে নিলে ভালো হয়
- যদি স্ক্রিপ্টটি অনুবাদ জন্য করার সময় না পাওয়া যায়, তবে ধারাবর্ণনাকারীদের স্ক্রিপ্টটি পড়তে এবং ভিডিওটি দেখতে কিছুটা সময় দিন, যেন তারা ভিডিওটির গতির সঙ্গে ভাল মিলিয়ে কন্ঠ দিতে পারেন
- অনূদিত শিরোনামসহ** একইসময়ে একটি ভিডিওর সম্পূর্ণ ধারাবর্ণনা রেকর্ড করুন, অন্যথায় ব্যক্তির কন্ঠস্বর এবং/অথবা রুমের ভেতরের শব্দ পরিবর্তন হয়ে যেতে পারে
- রেকর্ড করার সময় ধারাবর্ণনাকারীর জন্য যেন পর্যাপ্ত পরিমাণে পানীয় জলের ব্যবস্থা থাকে তা খেয়ালে রাখুন
- আপনি যদি 'জুম এইচ-১' হ্যান্ডি রেকর্ডারের মতো অডিও রেকর্ডার ব্যবহার করেন তবে রেকর্ড করার জন্য প্রথমেই একটি উপযুক্ত স্থান খুঁজে নিন
- যদি আপনি স্টুডিওতে না থাকেন তবে উন্নত শব্দ সরবরাহের জন্য মাইক্রোফোনের চারপাশে কুশন বা কব্বলের মতো নরম বস্তু ব্যবহার করুন
- অডিও ফাইলগুলো WAV 48KHZ 16 bit হিসেবে রেকর্ড করুন। নির্দেশিকা বা লিফলেট পড়ে আপনার অডিও রেকর্ডারটি সম্পর্কে জেনে নিন
- রেকর্ড করার সময় শোনার জন্য **হেডফোন ব্যবহার করুন**। ভালো মানের অডিও সরবরাহ করা আপনার দায়িত্ব
- রেকর্ডিং লেভেল পরীক্ষা করুন। **কোনো ধরনের বিকৃতি ছাড়া** ভালো ভলিউমে রেকর্ড করুন। কোনো প্রকার বিকৃতি সংশোধন করা যাবে না
- কোনো প্রকার 'পপিং' এড়াতে মাইক্রোফোনটি ধারাবর্ণনাকারীর মুখের সামনে না রেখে সামান্য একটু পাশে রাখুন
- ধারাবর্ণনা যেন কথা বলার মতো হয় তা নিশ্চিত করুন, কোনো অবস্থাতেই যেন শুধু পড়ার মতো না শোনায়
- প্রথমে পরীক্ষামূলকভাবে একটি অংশ রেকর্ড করুন এবং পুরো অনুষ্ঠানটি রেকর্ড করার আগে সেটি শুনুন, তা হলে অডিও রেকর্ডারটি সঠিকভাবে কাজ করছে কি না তা নিশ্চিত হতে পারবেন
- ধারাবর্ণনার ব্যাপ্তি স্ক্রিপ্ট এ নির্দেশিত প্রতিটি শাখার জন্য নির্দেশিত সময়ের কাছাকাছি হবে এবং অবশ্যই বড়ো হবে না
- যদি রেকর্ড করার সময় কোনো ভুল বা প্রবল আওয়াজ হয়ে থাকে। তা হলে রেকর্ডিং করা বন্ধ করুন এবং পুনরায় করুন। স্ক্রিপ্ট এ একটি নির্দেশনা রাখুন যে, আপনি ওই শটটির অন্য সংস্করণ রেকর্ড করেছেন
- একটি তেপায়া বস্তুর উপর মাইক্রোফোনটি রাখুন, যদি আপনি মাইক্রোফোনটি হাতে ধরে রাখেন, তবে আপনার হাত থেকে সৃষ্ট আওয়াজ রেকর্ড হয়ে যাওয়ার সম্ভাবনা থাকে
- রেকর্ডিং শুরু করার জন্য বোতাম টিপুন, ধারাবর্ণনা শুরু হওয়ার আগে ২ বা ৩ সেকেন্ড সময় দিন। বর্ণনা শেষেও আবার বন্ধ করার জন্য বাটন চাপার আগে ২ বা ৩ সেকেন্ড সময় দিন
- রেকর্ডিং শেষ করার পরে, ব্যাটারির পাওয়ার সুরক্ষিত রাখার জন্য রেকর্ডারের সুইচ বন্ধ করুন। আপনার কাছে অতিরিক্ত ব্যাটারি আছে কি না তা নিশ্চিত করুন]
- যদি আপনি একইসময়ে একাধিক ভিডিও রেকর্ড করেন তবে দ্বিতীয় ভিডিওটি রেকর্ড করার আগে প্রথম ভিডিওটির ফাইলগুলো অনুলিপি বা কপি করে কম্পিউটারে রাখুন। এভাবে কাজ করলে আপনি কোন ভিডিওর জন্য কোন ফাইলগুলো তা সঠিকভাবে জানতে পারবেন। ভাষা এবং ভিডিওর ধরন অনুযায়ী নামকরণ করা একটি ফোল্ডারে ফাইলগুলো রাখুন
- যদি আপনি কোনো স্টুডিওতে ধারাবর্ণনা রেকর্ড করেন, তা হলে অডিও রেকর্ডারের জন্য উপরের একই নীতি অনুসরণ করুন
- রেকর্ডিং চলাকালীন হেডফোন পরার জন্য শব্দ-প্রকৌশলীকে বলুন অথবা নিজেই পরুন
- স্টুডিও ছেড়ে যাওয়ার আগে ধারণ করা শব্দের মান এবং ব্যাপ্তি পরীক্ষা করে দেখুন, আপনি যদি একবার চলে যান তা হলে কোনো ভুল সংশোধন করা আরও কঠিন হয়ে যাবে
- ভিডিওর নাম, ভাষা এবং শট-সংখ্যা দিয়ে **অডিও ফাইলটির নতুন নামকরণ করা** সর্বোত্তম অভ্যাস বলে বিবেচনা করা হয়। যেকোনো ভুলের জন্য ফাইলগুলো দুই বার করে পরীক্ষা করুন এবং প্রতিটি শটের ব্যাপ্তি বা সময় পরীক্ষা করুন, সেগুলো যেন স্ক্রিপ্ট এ নির্দেশিত সময়ের চেয়ে বড়ো না হয়
- অ্যাক্সেস এগ্রিকালচারে WAV ফাইলগুলো পাঠান অথবা যদি আপনার সম্পাদনার অভিজ্ঞতা থাকে, তা হলে অনুগ্রহ করে নির্দেশনা দেখুন - **নতুন ভাষায় ভিডিও সংস্করণ তৈরি করার নির্দেশিকা**

মনে রাখবেন !

কাজের প্রতিটি স্তর বা পর্যায়ে সম্পূর্ণ মনোযোগ দিতে হবে।
একটি মানসম্পন্ন অনুষ্ঠান বা কর্মসূচি তৈরির লক্ষ্য রাখবেন।